

## গুয়াংজু রুটে বিমানের ফ্লাইট ফের চালু

- A Monitor Desk Report

Date: 16 September, 2023



**ঢাকা :** বিমান বাংলাদেশ এয়ারলাইন্স চীনের গুয়াংজু রুটে ফের ফ্লাইট চালু করেছে।

বৃহস্পতিবার (১৪ সেপ্টেম্বর) রাত ১০টা ২০ মিনিটে ১৪৬ যাত্রী নিয়ে বিমানের একটি ফ্লাইট (বিজি৩৬৬) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে গুয়াংজুর উদ্দেশ্যে ছেড়ে যায়। গত ১৬ মার্চ থেকে এ রুটে ফ্লাইট বন্ধ ছিল।

উদ্বোধনী ফ্লাইট উপলক্ষে বিমানের পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ) মো. ছিদ্দিকুর রহমান ও পরিচালক (বিপণন ও বিক্রয়) মো. কামরুল হাসান খানসহ উর্ধ্বতন কর্মকর্তারা যাত্রীদের স্বাগত জানান এবং শুভেচ্ছা উপহার দেন।



ঢাকা থেকে সপ্তাহে প্রতি রোববার, মঙ্গলবার ও বৃহস্পতিবার রাত ১০টা ২০ মিনিটে গুয়াংজুর উদ্দেশ্যে বিমানের ফ্লাইট ছেড়ে যাবে। সপ্তাহে প্রতি সোমবার, বুধবার ও শুক্রবার বিজি৩৬৭ স্থানীয় সময় ভোর ৫টা ৩০ মিনিট গুয়াংজু থেকে ঢাকার উদ্দেশ্যে যাত্রা করে ঢাকায় পৌঁছাবে স্থানীয় সময় সকাল ৭টা ২০ মিনিটে। ১৬২ আসনবিশিষ্ট বোয়িং ৭৩৭-৮০০ উডোজাহাজ দিয়ে গুয়াংজু ফ্লাইট পরিচালিত হচ্ছে।

আরও পড়ুন: [যুক্তরাষ্ট্রে ফ্লাইট পরিচালনার আনুষ্ঠানিক আবেদন বিমানের](#)

বিশেষ অফারে ঢাকা-গুয়াংজু-ঢাকা রুটের টিকিট বিক্রি হচ্ছে। বিমানের ওয়েবসাইট [www.biman-airlines.com](http://www.biman-airlines.com) ও মোবাইল অ্যাপ থেকে টিকিট কেনার ক্ষেত্রে প্রমোকোড **HAPPYCAN23** ব্যবহার করলে মূল ভাড়ার ওপর ১৫ শতাংশ ছাড় পাওয়া যাবে।



অফারকালীন ঢাকা-গুয়াংজু রুটে ইকোনমি ক্লাসের একমুখী সর্বনিম্ন ভাড়া জনপ্রতি সর্বমোট ২৭ হাজার ৫১০ টাকা থেকে শুরু যা ডিসকাউন্টে ২৫ হাজার ১০৩ টাকা এবং গুয়াংজু-ঢাকা রুটে ইকোনমি ক্লাসে একমুখী সর্বনিম্ন ভাড়া জনপ্রতি ১৬ হাজার ৩৬৩ টাকা থেকে শুরু যা ডিসকাউন্টে ১৪ হাজার ১১১ টাকা।

বিমানের বাণিজ্যিক ওয়েবসাইট [www.biman-airlines.com](http://www.biman-airlines.com), মোবাইল অ্যাপ, বিমানের যে কোনো সেলস সেন্টার, বিমান কল সেন্টার ০১৯৯০৯৯৭৯৯৭ এবং বিমান অনুমোদিত ট্রাভেল এজেন্সি থেকে এ রুটের টিকিট কেনা যাবে।

**-B**